

## আজ পিএসসি পরীক্ষায় বসছেন সেই বাসিরন

মেহেরপুর প্রতিনিধি >

মেহেরপুরের গাংনীতে আজ রবিবার প্রাথমিক শিক্ষা সমাপনী (পিএসসি) পরীক্ষায় অংশ নিচ্ছেন ৬৩ বছরের সেই বাসিরন খাতুন। উপজেলার হোগলবাড়িয়া-মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেঞ্চে পরীক্ষা দিচ্ছেন তিনি। তাকে নিয়ে ১৩ নভেম্বর কালের কণ্ঠ'র 'প্রিয় দেশ' পাতায় একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছিল।



বাসিরন খাতুন

বাসিরন খাতুন উপজেলার হোগলবাড়িয়া গ্রামের মাঠপাড়ার রহিল উদ্দিনের (মৃত) স্ত্রী। অল্প বয়সে বিয়ে হওয়ায় পরিবার সামলাতে গিয়ে লেখাপড়া শেষ করতে পারেননি তিনি। নাতি-নাতনিরা লেখাপড়া করা শুরু করলে তিনিও আবার পড়ার সিদ্ধান্ত নেন। বাসিরন উপজেলার হোগলবাড়িয়া পূর্বপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। এ বছর জেলার ১৩ হাজার ৬৩৫ জন পিএসসি পরীক্ষার্থীর মধ্যে তিনিও পরীক্ষায় অংশ নিচ্ছেন। গতকাল শনিবার এ প্রতিবেদককে বাসিরন বলেন, 'তোমাদের খোঁজখবর নেওয়ার কারণে আমার সাহস আরো বেড়ে গেছে। পরীক্ষা নিয়ে আমার কোনো ভয় লাগছে না। আমাকে পাস করতে হবে। ইংরেজিতে একটি সমস্যা হচ্ছে। তবে পাস করব।' বাসিরনের স্কুলের প্রধান শিক্ষক হেলাল উদ্দিন বলেন, 'পরীক্ষায় পাস করার জন্য তাকে প্রস্তুতি নিতে আমরা চেষ্টা করেছি।'